

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.২৭.০০২.১৯.১১

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

১৪ নভেম্বর ২০২১

বিষয়: ব্যাখ্যা তলব

আপনি জনাব জাহাঙ্গীর কবির, প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-১১৭, রাজাপুর, ঝালকাঠি গত ১৩/১১/২০২১ তারিখ ফেসবুক নিম্নবর্ণিত লেখা গুপ পোস্ট করেন-

“ সকল শিক্ষক ও কর্মচারীদের ছালাস ও শুভেচ্ছা।

প্রিয় শিক্ষক ও কর্মচারী বন্ধুগন, আপনারা ইতোমধ্যে অবগত হয়েছেন যে, আগামী ১৫/১১/২১ তারিখ শিশু কল্যাণ ট্রাস্টিবোর্ড এর সভা আনুষ্ঠিত হবে।

১৫ তারিখের সভায় শিক্ষকদের দাবীর সকল সুযোগ সুবিধা প্রদান করার বিষয় আলোচনা করা হবে। বিশেষ করে শিক্ষক গনের অবসর কালিন গ্রাইচুটি (এক কালিন আনুতোশিক) প্রদানের নীতিমালা বাস্তবায়ন কৌশল অনুমোদন করার কথা রয়েছে।

এমতাবস্থায় আমরা বিভিন্ন উচ্চ পর্যায় যোগাযোগ অব্যাহত রেখে শিক্ষকদের অবসর পরবর্তী জীবনে অর্ধহারে অনাহারে দিন যাপন করে বিনা চিকিৎসায় ধুকেধুকে মৃত্যু বরন করার দুরবস্থার বিষয়টি অবহীত করে, শিক্ষকদের অবসর পরবর্তী জীবনের দুঃখ দুর্দশা থেকে মুক্তি দিয়ে স্বাভাবিক জীবনের নিশ্চয়তা বিধানের জন্য শিক্ষক গনের (এক অবসর কালিন গ্রাইচুটি (এক কালিন আনুতোশিক) প্রদানের নীতিমালা অনুমোদন করার জন্য প্রয়োজনীয় সুপারিশ সহ প্রস্তাবনার পক্ষে প্রয়োজনীয় সমর্থন দিয়ে নীতিমালা অনুমোদনে অগ্রনী ভূমিকা রাখার জন্য বিনীত আবেদন / অনুরোধ করেছি।

এ পর্যন্ত যাদের সাথে আলোচনা করা হয়েছে তারা অনুমোদন করা হবে মর্মে আশ্বাস প্রদান করেছেন।

নীতিমালা অনুমোদনে বিষয়ে সকল শিক্ষকদের যার যার অবস্থান থেকে প্রচেষ্টা করাহলে সকলের প্রচেষ্টায় শিক্ষকদের প্রানের দাবীর গ্রাইচুটি প্রদানের নীতিমালা অনুমোদনে সহায়ক হবে ও সফলতা আসবে।

আমরা জানি কিছু শিক্ষকদের উচ্চ পর্যায় বিভিন্ন ভাবে কথা বলার সুযোগ আছে। গ্রাইচুটির নীতিমালা অনুমোদনের বিষয়ে যে সকল শিক্ষকদের উচ্চ পর্যায় কথাবলা ও সুপারিস করার জন্য অনুরোধ করার সুযোগ আছে তাদের সকলকে নিজ নিজ উদ্দ্যোগে প্রচেষ্টা করার জন্য অনুরোধ করছি।

মহান আল্লাহ সহায় হলে সকলের প্রচেষ্টায় নীতিমালা অনুমোদন হবে ইনশ আল্লাহ।

সভাপতি।

শিঃ কঃ প্রাঃ বিঃ

শিক্ষক কর্মচারী সমিতি।”

এহেন বিভ্রান্তিকর ও মনগড়া লেখার কারনে কেন আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে যথাযথ তথ্য প্রমাণসহ আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জবাব দাখিল করতে অনুরোধ করা হলো।



১৪-১১-২০২১

মোঃ আবুল বশার

পরিচালক

ফোন: ৫৫০৭৪৮৮৪

ইমেইল: sktmopme@gmail.com

জনাব জাহাঙ্গীর কবির, প্রধান শিক্ষক, শিশু কল্যাণ
প্রাথমিক বিদ্যালয়-১১৭, রাজাপুর, ঝালকাঠি।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.০০০.২৭.০০২.১৯.১১/১

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতকরণার্থে)।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি ও সভাপতি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়-১১৭, রাজাপুর, ঝালকাঠি।
- ৫) অফিস কপি।



১৪-১১-২০২১

মো সানাউল্লাহ

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)